গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৩ /২০১৭-১৮

ঢাকা, বুধবার ৭ ফেব্রুয়ারি ২০১৮, ২৫ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শ্রমবাজার সম্প্রসারণে কনসালদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান
বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ধর্মীয় উগ্রবাদ প্রতিরোধে পর্যবেক্ষণ জোরদারে রাষ্ট্রপতির নির্দেশ

২। পর্যটন শিল্পের সুবিধা নিতে ইসলামি দেশগুলো একত্রে কাজ করতে পারে
ওআইসি'র পর্যটনমন্ত্রীদের দশম ইসলামিক সম্মেলনে প্রধানমন্ত্রী

৩। ঢাকাকে ২০১৯ সালের ইসলামিক পর্যটন সিটি ঘোষণা

৪। ভূ-গর্ভস্থ পানির স্তর ৩ মিটার হতে ১০ মিটার পর্যন্ত নেমে গেছে : সংসদে স্থানীয় সরকারমন্ত্রী

৫। রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে কাজ করবে সুইজারল্যান্ড
কুতুপালং ক্যাম্প পরিদর্শনকালে সুইস প্রেসিডেন্ট

৬। জঙ্গি উস্কানি, ভাষা বিকৃতি পরিহার করুন : টিভি চ্যানেল উদ্যোক্তাদের প্রতি তথ্যমন্ত্রী

৭। সাংবাদিক সুরক্ষায় প্রয়োজনে নতুন উপধারা : ডিজিটাল নিরাপত্তা আইন সম্পর্কে আইনমন্ত্রী

৮। দেশে চা থেকে হবে চকলেট-কেক-বিস্কুট : চীন ও বাংলাদেশের মধ্যে এমওইউ স্বাক্ষর

৯। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এলডিসি'র মধ্যে শীর্ষ পাঁচে বাংলাদেশ

১০। মালদ্বীপে অবস্থানরত বাংলাদেশিদের চলাফেরায় সতর্ক থাকার পরামর্শ

১১। আগামীকাল থেকে রাজধানীতে মিছিল ও জমায়েতে নিষেধাজ্ঞা ডিএমপি'র
বাড়ি বা ছাদে উচ্চ শব্দে গান বাজানো নিষিদ্ধ

চলমান পাতা-২

১। **শ্রমবাজার সম্প্রসারণে কনসালদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**
বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ধর্মীয় উগ্রবাদ প্রতিরোধে পর্যবেক্ষণ জোরদারে রাষ্ট্রপতির নির্দেশ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিদেশে দেশের শ্রমবাজার সম্প্রসারণে বাংলাদেশে কনস্যুলার কোরের সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) কনস্যুলার কোরের একটি প্রতিনিধিদল বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি বিভিন্ন দেশের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বাড়াতে সম্ভাবনাময় খাত খুঁজে বের করতে কনস্যুলারদের নির্দেশ দেন।

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদে কেউ যেন যুক্ত হতে না পারে এ জন্য শিক্ষার্থী ও শিক্ষকদের ওপর পর্যবেক্ষণ জোরদার করতে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) বঙ্গভবনে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে মতবিনিময় সভায় ধর্মীয় উগ্রবাদ, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধে কমিটি গঠন করে শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিবিড় পর্যবেক্ষণে রাখার নির্দেশ দেন রাষ্ট্রপতি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। **পর্যটন শিল্পের সুবিধা নিতে ইসলামি দেশগুলো একত্রে কাজ করতে পারে**
ওআইসি'র পর্যটনমন্ত্রীদের দশম ইসলামিক সম্মেলনে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্বব্যাপী পর্যটন একটি দ্রুত বিকাশমান খাত যা বৈদেশিক মুদ্রা উপার্জন ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এক্ষেত্রে ইসলামি দেশগুলো বৃহত্তর সুযোগ ও সম্ভাবনা খুঁজতে একসঙ্গে কাজ করতে পারে। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে ওআইসি'র পর্যটনমন্ত্রীদের ১০ম ইসলামিক সম্মেলনের (আইসিটিএম) উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বিশ্বজুড়ে হালাল পণ্য ও সেবার বাজার সম্প্রসারণের বিশাল সম্ভাবনার কথা তুলে ধরে এ বিষয়ে ওআইসিভুক্ত দেশগুলোর সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **ঢাকাকে ২০১৯ সালের ইসলামিক পর্যটন সিটি ঘোষণা**

রাজধানী ঢাকাকে আগামী ২০১৯ সালের জন্য ইসলামিক পর্যটন শহর বা 'সিটি অব ট্যুরিজম' হিসেবে ঘোষণা করেছে ইসলামিক সহযোগিতা সংস্থা (ওআইসি)। একইসঙ্গে আগামী দুই বছরের জন্য বাংলাদেশকে ওআইসি পর্যটনমন্ত্রীদের কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান হিসেবে নির্বাচন করা হয়েছে। এছাড়া ওআইসির পর্যটনমন্ত্রীদের আগামী ২০তম সম্মেলন ২০২০ সালে আজারবাইজানে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) উদ্বোধন অনুষ্ঠানের পর এক সংবাদ সম্মেলনে ঘোষণাসমূহ তুলে ধরেন পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫)।

৪। **ভূ-গর্ভস্থ পানির স্তর ৩ মিটার হতে ১০ মিটার পর্যন্ত নেমে গেছে : সংসদে স্থানীয় সরকারমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সুপেয় পানি ও কৃষি কাজে ভূ-গর্ভস্থ পানির ওপর অধিক হারে নির্ভরশীলতার কারণে ইতোমধ্যে ভূ-গর্ভস্থ পানির স্তর ৩ মিটার হতে ১০ মিটার পর্যন্ত নেমে গেছে। ফলে শুষ্ক মৌসুমে নলকূপে পর্যাপ্ত পরিমাণ পানি পাওয়া যায় না। এ অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার থেকে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। এলজিআরডি মন্ত্রী আরো জানান, পৌনে চারশ' কোটি টাকা ব্যয়ে গৃহীত একটি প্রকল্পের আওতায় সারাদেশে ৮০৯টি পুকুর পুনঃখনন করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৫। **রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে কাজ করবে সুইজারল্যান্ড**
কুতুপালং ক্যাম্প পরিদর্শনকালে সুইস প্রেসিডেন্ট

রোহিঙ্গারা যাতে স্বেচ্ছায়, নিরাপদে এবং সম্মানের সঙ্গে নিজ দেশ মিয়ানমারে ফিরে যেতে পারে সে লক্ষ্যে সুইজারল্যান্ড সরকার কাজ করবে বলে জানিয়েছেন সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে। তিনি বলেছেন, রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানের জন্য বাংলাদেশ ও মিয়ানমার সরকারের মধ্যে চলমান অগ্রগতিকে সুইজারল্যান্ড স্বাগত জানাচ্ছে। সেইসঙ্গে রোহিঙ্গাদেও মিয়ানমারে প্রত্যাবর্তন স্বেচ্ছায়, নিরাপদে ও সম্মানজনকভাবে হবে বলে আশা রাখছে। আর বিপুলসংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দিয়ে বাংলাদেশ যে

মহানুভবতা দেখিয়েছে, তা নজিরবিহীন। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) কক্সবাজারের উখিয়ায় কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের পর তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

৬। জঙ্গি উস্কানি, ভাষা বিকৃতি পরিহার করুন : টিভি চ্যানেল উদ্যোক্তাদের প্রতি তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশপ্রেম বুকে নিয়ে শান্তি, উন্নয়ন ও অসাম্প্রদায়িকতার মন্ত্রে উজ্জীবিত সম্প্রচারমাধ্যম দেশ ও জনগণের কল্যাণ বয়ে আনবে। জঙ্গি উস্কানি ও ভাষা বিকৃতি পরিহার করে দেশজ সংস্কৃতির লালন ও বিকাশে কাজ করা দেশের টেলিভিশনগুলোর নৈতিক দায়িত্ব। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অ্যাসোসিয়েশন অভ্ টেলিভিশন চ্যানেল ওনার্স প্রতিনিধিদের সাথে বৈঠকে তিনি এ কথা বলেন। তথ্য মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মো. নাসির উদ্দিন আহমেদ, প্রধান তথ্য অফিসার কামরুন নাহার প্রমুখ বৈঠকে অংশ নেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৭। সাংবাদিক সুরক্ষায় প্রয়োজনে নতুন উপধারা : ডিজিটাল নিরাপত্তা আইন সম্পর্কে আইনমন্ত্রী

প্রস্তাবিত ডিজিটাল নিরাপত্তা আইনের ৩২ ধারা সাংবাদিকদের কাজে বাধা তৈরি করবে না বলে জানিয়েছেন আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে ল রিপোর্টার্স ফোরাম আয়োজিত মিট দ্য প্রেস অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অনুসন্ধানী সাংবাদিকতার সুরক্ষায় প্রয়োজনে প্রস্তাবিত ডিজিটাল নিরাপত্তা আইনের ৩২ ধারার সঙ্গে একটি উপধারা যোগ করা যেতে পারে বলেও জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৮। দেশে চা থেকে হবে চকলেট-কেক-বিস্কুট : চীন ও বাংলাদেশের মধ্যে এমওইউ স্বাক্ষর

চীনের মতো বাংলাদেশেও চা থেকে চকলেট, বিভিন্ন পানীয়, কেক, বিস্কুট ইত্যাদি প্রস্তুত করা হবে। এ লক্ষ্যে বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের সঙ্গে টি রিসার্চ ইনস্টিটিউট, চাইনিজ একাডেমি অভ্ এগ্রিকালচারাল সাইন্স এর মধ্যে সমঝোতাস্মারক স্বাক্ষরিত হয়েছে। এর ফলে একসঙ্গে চা নিয়ে গবেষণা করবে বাংলাদেশ ও চীন। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সমঝোতাস্মারক স্বাক্ষরের পর বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ জানান, গত বছর (২০১৭) আমরা ২ দশমিক ৫৬ মিলিয়ন কেজি চা রপ্তানি করেছি। এখন দেশের অর্থনৈতিক অবস্থা ভালো হওয়ায় দেশের চায়ের চাহিদা বেড়েছে বলেও জানান বাণিজ্যমন্ত্রী। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.৭)।

৯। অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে এলডিসি'র মধ্যে শীর্ষ পাঁচে বাংলাদেশ

স্বল্পোন্নত ৪৫ দেশের (এলডিসি) মধ্যে গত বছর ৭ শতাংশ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনকারী শীর্ষ পাঁচ দেশের তালিকায় আছে বাংলাদেশ। সম্প্রতি 'সিলেকটেড সাসটেইনেবল ডেভেলপমেন্ট ট্রেন্ডস ইন লেটেস্ট ডেভেলপড কান্ট্রিস ২০১৮' শীর্ষক এক প্রতিবেদনে জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সংস্থা (আঙ্কটাড) এ কথা জানিয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

১০। মালদ্বীপে অবস্থানরত বাংলাদেশিদের চলাফেরায় সতর্ক থাকার পরামর্শ

মালদ্বীপে বাংলাদেশি নাগরিকদের বিনা প্রয়োজনে বাইরে চলাফেরায় সতর্ক থাকার পরামর্শ দিয়েছে দেশটিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস। কর্মীদের জন্য একটি 'হটলাইন'ও চালু করা হয়েছে। দেশটিতে জরুরী অবস্থা জারির পর ওই দেশের জনগণ ও বিদেশি নাগরিকদের চলাফেরায় অনেক বিধিনিষেধ আরোপ করেছে সেনাবাহিনী। এ ঘটনার পর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় মালদ্বীপে অবস্থিত দূতাবাসের মাধ্যমে কর্মীদের সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশ পেয়ে গত ৫ ফেব্রুয়ারি সোমবার থেকে দূতাবাস সামাজিক যোগাযোগের মাধ্যমসহ মোবাইলে এসএমএসের মাধ্যমে কর্মীদের নিতান্ত প্রয়োজন ছাড়া ঘরের বাইরে না যাওয়ার পরামর্শ দিচ্ছে। মন্ত্রণালয়ের হিসেবে দেশটিতে বর্তমানে বিভিন্ন পেশায় নিয়োজিত আছেন প্রায় এক লাখ বাংলাদেশি। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

১১। **আগামীকাল থেকে রাজধানীতে মিছিল ও জমায়েতে নিষেধাজ্ঞা ডিএমপি'র**
বাড়ি বা ছাদে উচ্চ শব্দে গান বাজানো নিষিদ্ধ

আগামী ৮ ফেব্রুয়ারি বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রায়ের দিন রাজধানীতে মিছিল বা জমায়েতে নিষেধাজ্ঞা দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) ঢাকা মহানগর পুলিশের এক বিশেষ বিজ্ঞপ্তিতে বলা হয়, ৮ ফেব্রুয়ারি ভোর ৪টা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঢাকা মহানগরে সব ধরনের লাঠি, ছুরি, চাকু বা ধারালো অস্ত্র, বিস্ফোরক দ্রব্য ও দাহ্য পদার্থ বহন নিষিদ্ধ থাকবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

বাড়িতে বা বাড়ির ছাদে বা রাস্তায় উচ্চশব্দে গান বাজানো নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ। নগরবাসীর শান্তিপূর্ণ বসবাস নিশ্চিত করতেই আইন মোতাবেক এমন নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল (৬ ফেব্রুয়ারি মঙ্গলবার) ডিএমপি কমিশনার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এমন নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঝুঁকিপূর্ণ ও মেয়াদোত্তীর্ণ রাইড দিয়ে চলছে শাহবাগের শিশু পার্ক উল্লেখ করে এ ব্যাপারে কর্তৃপক্ষকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

খ. **প্রথম আলো :** নাটোরে নারোদ, নন্দকুঁজা ও গুমানী এই তিন নদ-নদীর পানি চিনিকলের বর্জ্যে দূষিত হয়ে পড়ার খবরে উদ্বেগ প্রকাশ করে যেসব কলকারখানা এ দূষণের জন্য দায়ী সেগুলোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **সমকাল :** চট্টগ্রামের হালিশহরের এক্সেস সড়ক বৃষ্টির পানিতে তলিয়ে থাকায় চট্টগ্রাম সিটি করপোরেশন ৪৭ কোটি টাকা ব্যয়ে তা সংস্কারের উদ্যোগ নিয়েছে উল্লেখ করে সড়কের নকশাটি প্রয়োজনসাপেক্ষে সংশোধনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** সুঁই-সিরিঞ্জের মাধ্যমে প্যাথেডিন গ্রহণকারীসহ নানা ধরনের মাদকসেবীর সংখ্যা উদ্বেগজনক মাত্রায় বৃদ্ধি পাওয়ায় এসব মাদকের সহজলভ্যতা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রোহিঙ্গা সমস্যার সমাধান মিয়ানমারের হাতেই নিহিত সুইস প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাতকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার এমন মন্তব্যের সাথে সংহতি প্রকাশ করে উন্নত দেশগুলোকে এ সমস্যা সামাধানে আন্তরিক হতে হবে বলে মত প্রকাশ।

চ. **ডেইলি স্টার, সংবাদ,ইনকিলাব :** সম্প্রতি ভিআইপিদের রাস্তায় নির্বিঘ্ন চলাচলে আলাদা লেন চালু করার যে কথাটি উঠেছে তাতে অসন্তোষ প্রকাশ করে যারা অর্থনীতির চাকা সচল রাখে সেসব সাধারণ মানুষের শ্রমঘন্টার অপচয় রোধে তাদের যাতায়াত নিরবচ্ছিন্ন করার পরামর্শ।

ছ. **অবজারভার :** সম্প্রতি ইউএস এয়ার কোয়ালিটি ইনডেক্স কর্তৃক প্রকাশিত তালিকায় বায়ু দূষণে বাংলাদেশ শীর্ষে থাকার তথ্য তুলে ধরে যত্রতত্র ইটভাটা গড়ে ওঠা ও শিল্পায়নকে এ দূষণের জন্য দায়ী করে এখনই এ দূষণ নিয়ন্ত্রণে সরকারকে সকল নাগরিককে সম্পৃক্ত করে এবং আন্তর্জাতিক সংস্থার সাহায্য নিয়ে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর আহ্বান করে সম্পাদকীয় প্রকাশ ।

উপসম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশজ ভাষা, সাহিত্য, সংস্কৃতির বিকাশ ও চর্চার দ্বারা বিদেশি অপসংস্কৃতি রোধ করতে হবে।

নিবন্ধ ও ফিচার

আলোকিত বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত **'পরিবেশ বাঁচিয়ে টেকসই উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অগ্রসরমান বাংলাদেশের প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় পরিবেশবান্ধব উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে হবে, বন্ধ করতে হবে বৃক্ষনিধন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮